

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
www.singra.natore.gov.bd

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৯১.০০৯.১৮.০০১.২০- ২১০

তারিখ : ২৫ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ

সিংড়া উপজেলাধীন হাট-বাজারের দরপত্র বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং-১ (২ম পর্যায় হতে ৬ষ্ঠ পর্যায় পর্যন্ত)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিংড়া উপজেলাধীন নিম্ন উল্লিখিত তপশীল মোতাবেক ১৪২৭ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪২৭ বাংলা সন পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে দরপত্রের মাধ্যমে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারা বন্দোবস্ত গ্রহণে আগ্রহী ব্যক্তি/ইজারাদার/ব্যবসায়ীকগণের নিকট হতে শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল জেলা প্রশাসক, নাটোর, মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), সিংড়া এর কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, সিংড়া শাখা, থানা (পুলিশ স্টেশন, সিংড়া) ও অত্রাফিস হতে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত মূল্যে, নগদ অর্থে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ যথাযথভাবে পূরণ করে চাহিত কাগজপত্র ও নির্ধারিত ব্যাংক ড্রাফটসহ নির্ধারিত সময়সূচী অনুসারে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত সময়ের মধ্যে বিনা ব্যর্থতায় জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), সিংড়া এর কার্যালয় এবং অত্রাফিসে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। কোন ক্রমেই নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র বিক্রয়/গ্রহণ করা হবে না। ঐ দিন (দরপত্র জমা করার শেষ দিন) দুপুর ১.৩০ টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র গ্রহণের তারিখে কোন দরপত্র সিডিউল ফরম বিক্রয় করা হবে না। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং www.singra.natore.gov.bd ওয়েব সাইট হতে দরপত্র/সিডিউল ফরম ডাউনলোডকৃত ফরম পূরণ করে সংশ্লিষ্ট হাটের সিডিউল মূল্য বাবদ উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া এর অনুকূলে অফেরতযোগ্য পে-অর্ডার সংযুক্ত করে জমা করা যাবে। উল্লেখ্য কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

হাট-বাজারের তালিকা ও তপশীল নিম্নরূপ:

ক্রঃ নং	হাট-বাজারের নাম	হাটের অবস্থান (ইউ,পি,র নাম)	১৪২৭ সালের জন্য স্থিরকৃত সম্ভাব্য মূল্য	সিডিউলের মূল্য
১	২	৩	৪	৫
০১.	বিলদহর হাট-বাজার	চামারী	১৪,০২,৯১০/-	৩,৮০০/-
০২.	বড়সার্ভল হাট	হাতিয়ান্দহ	১,০৪,১৯৭/-	১,০০০/-
০৩.	পাছলাডুয়া হাট	..	৭৯,৫৩৫/-	৫০০/-
০৪.	বন্দর হাট	শেরকোল	৩,০০,৫১০/-	১,৬০০/-

চলমান পাতা-২

দরপত্র বিক্রয়, গ্রহণ ও খোলার সময় সূচী :

ক্র: নং	পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
০১.	২য় পর্যায়	২৭/০২/২০২০ খ্রিঃ বিকেল ৫.০০ টা	০১/০৩/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ টা	০১/০৩/২০২০ খ্রিঃ দুপুর ১.৩০ টা	(বি: দ্র: বর্ণিত সময় সূচী মোতাবেক ২য় পর্যায়ের যে সকল হাটের দরপত্র গৃহীত হবে না বা দরপত্র পাওয়া যাবে না ৩য় পর্যায়ের শুধু সে সমস্ত হাট বাজারের দরপত্র গ্রহণ করা হবে এবং একইভাবে ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ বারের দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না)।
০২.	৩য় পর্যায়	২৩/৩/২০২০ খ্রিঃ বিকেল ৫.০০ টা	২৪/০৩/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ টা	২৪/০৩/২০২০ খ্রিঃ দুপুর ১.৩০ টা	
০৩.	৪র্থ পর্যায়	১২/৪/২০২০ খ্রিঃ বিকেল ৫.০০ টা	১৩/৪/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ টা	১৩/৪/২০২০ খ্রিঃ দুপুর ১.৩০ টা	
০৪.	৫ম পর্যায়	৩০/৪/২০২০ খ্রিঃ বিকেল ৫.০০ টা	০৩/৫/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ টা	০৩/৫/২০২০ খ্রিঃ দুপুর ১.৩০ টা	
০৫.	৬ষ্ঠ পর্যায়	১৯/৫/২০২০ খ্রিঃ বিকেল ৫.০০ টা	২০/৫/২০২০ খ্রিঃ দুপুর ১.০০ টা	২০/৫/২০২০ খ্রিঃ দুপুর ১.৩০ টা	



(মোছাঃ নাসরিন বানু)

উপজেলা নির্বাহী অফিসার

সিংড়া, নাটোর।

ফোন : ০৭৭২৬-৬৩০০২

unosingra@mopa.gov.bd